



মধুপুরের অপহৃত ৪ ছাত্রীকে উদ্ধার করা যায়নি

□ অভিভাবকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ছে

ঢামাইল থেকে জেলা বার্তা পরিবেশক : পুলিশ মধুপুরের গঙ্গারানী দেবনাথসহ (১৪) অপহৃত ৪ স্কুলছাত্রীর কাউকেই উদ্ধার করতে পারেনি। এ ব্যাপারে জড়িত সন্ত্রাসী দুর্বৃত্তরাও যেক্ষতার হয়নি।

১৪ই জুন মধুপুরের হাসিল গ্রাম থেকে ব্রাহ্মণবাড়ি উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী গঙ্গারানীকে এলাকার চিহ্নিত সন্ত্রাসী ইউসুফ-শাহজাহান বাহিনীর দুর্বৃত্তরা তুলে নিয়ে যায় এবং ২০শে জুন সন্ত্রাসীরা চাপড়ি উচ্চ বিদ্যালয়ের ছাত্রী রাশেদা ওরফে আয়েশা (১৪), রীনা খাতুন (১৩) ও লিপি খাতুনকে (১৪) অপহরণ করে।

৭ দিনে ৪ জন স্কুলছাত্রী অপহৃত হওয়ায় মধুপুর উপজেলায় অভিভাবকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। অপহৃতদের উদ্ধার এবং অপরাধীরা যেক্ষতার না হওয়ায় উদ্বেগের মাত্রা বাড়ছে। অপহৃতদের উদ্ধারে

পুলিশি তৎপরতায় শেখিলোর অভিযোগ তুলে অভিভাবকরা সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে অবিলম্বে অপহৃত স্কুলছাত্রীদের উদ্ধারের দাবি জানিয়েছেন। গত শনিবার 'সংবাদ' প্রতিনিধি মধুপুরের হাসিল ও চাপড়ি এলাকা সরজমিন পরিদর্শনে গেলে অভিভাবকরা এ দাবি জানান।

নাম প্রকাশে অনিচ্ছুক হাসিল গ্রামের কয়েকজন অভিভাবক জানান, ১৪ই জুন সন্ধ্যারাত্রে এলাকার চিহ্নিত সন্ত্রাসী ইউসুফ-শাহজাহান বাহিনীর দুর্বৃত্তরা গঙ্গীকান্দ দেবনাথের মেয়ে গঙ্গারানীকে অস্ত্রেরমুখে অপহরণ করে। এ সময় সন্ত্রাসীরা অপহৃতরা মা রীনা দেবনাথকে ছুরিকাঘাতে আহত করে। ঘটনার ব্যাপারে ওই রাতেই মধুপুর থানায় মামলা হলেও পুলিশি তৎপরতার অভাবে অপহৃত স্কুলছাত্রী গঙ্গারানী উদ্ধার হয়নি। পুলিশের সহস্বজনক ভূমিকার কারণে দীর্ঘ ১৬ দিনে ঘটনার সঙ্গে জড়িত সন্ত্রাসীরাও যেক্ষতার হয়নি। সন্ত্রাসীরা এলাকার অবস্থান করেই মামলা তুলে নেয়ার জন্য উলটো অপহৃতরা মা-বাবাকে হুমকি দিয়ে চলেছে। চাপড়ি এলাকার অভিভাবকরা 'সংবাদ' প্রতিনিধিকে জানান, ২০শে জুন স্কুলে যাওয়ার পথে সন্ত্রাসীরা চাপড়ি উচ্চ বিদ্যালয়ের ছাত্রী রাশেদা ওরফে আয়েশা (১৪), পিতা আরশেদ আলী, রীনা খাতুন (১৩) পিতা ময়েনউদ্দিন ও লিপি খাতুন (১৪), পিতা সাহাদত আলীকে প্রকাশ্যে দিবালোকে অপহরণ করে। এ ঘটনার পর ১৫ দিন চলে গেলেও পুলিশ ওই ছাত্রীদের উদ্ধার বা অপরাধীদের যেক্ষতার করতে পারেনি।

মাত্র ৭ দিনের ব্যবধানে ৪ স্কুলছাত্রী অপহৃত হওয়ায় মধুপুর উপজেলার সর্বত্র অভিভাবকদের মধ্যে আতঙ্ক ও উদ্বেগ ছড়িয়ে পড়েছে। অভিভাবকরা অবিলম্বে অপহৃতদের উদ্ধারের জন্য সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়েছেন।